

Res:
০৩/১৫/২০২১



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭।



স্মারক নং-৫৭.১৭.০০০০.২১৮.৩২.০০১.১৯.১৯০

তারিখঃ ০৭/০৬/২০২১ খ্রি.

২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ডুপ্লিকেট ভর্তি বাতিল করার সময় বৃদ্ধি প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২০-২১ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি সকল ডিপ্লোমা শিক্ষাক্রম, এইচএসসি (বিএম/ভোক:) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের ডুপ্লিকেট শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক তালিকা ওয়েব সাইটে (www.btebadmission.gov.bd) লিংকের মাধ্যমে ২৬/০৫/২০২১ খ্রি. তারিখে প্রদান করা হয়েছে। ইতিপূর্বে ডুপ্লিকেট ভর্তি বাতিলের মেয়াদ ছিল ১০-০৬-২০২১খ্রি. পর্যন্ত। কিন্তু কোভিড-১৯ পরিস্থিতিতে বিভিন্ন জেলায় লকডাউন থাকায় যথা সময়ে প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পন্ন করতে পারছে না বিধায় ২২-০৬-২০২১খ্রি. পর্যন্ত ডুপ্লিকেট ভর্তি বাতিলের সময় বৃদ্ধি করা হলো।

২০২০ সালে এসএসসি/সমমান উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০ ২১ শিক্ষাবর্ষে বিভিন্ন শিক্ষাক্রমে ডুপ্লিকেট ভর্তি আছে, তাদের মূল নম্বরপত্র যেসব প্রতিষ্ঠানে জমা আছে, তারা অন-লাইনে টিক চিহ্ন প্রদান করবে। উল্লেখ্য যে, যে সকল প্রতিষ্ঠান শিক্ষার্থীর মূল নম্বরপত্র না থাকা সত্ত্বেও টিক চিহ্ন দিবে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে তথ্যের জন্য পুরাতন ভবনের ৪১২নং কক্ষে যোগাযোগ করতে বলা হলো।

২০২০ সালের পূর্বে উত্তীর্ণ শিক্ষার্থীদের যদি ডুপ্লিকেট ভর্তি হয়ে থাকে তবে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, বোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র (সকল মূলকপি) সহ প্রতিষ্ঠান প্রধানের সুপারিশকৃত ভর্তি বাতিলের আবেদনপত্রসহ “উপ সচিব (রেজিস্ট্রেশন)” বরাবর আবেদন করতে হবে। পুরাতন ভবনের ১১৫ নং কক্ষ হতে শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিলের ফি ৫০০/- (পাঁচশত) টাকা জমার রশিদ নিয়ে ব্যাংকে জমাদান পূর্বক নতুন ভবনের ৫ম তলায় জমা দিতে হবে।

শিক্ষাক্রম	ডুপ্লিকেট বাতিলের তারিখ	মন্তব্য
সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা শিক্ষাক্রম (ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, কৃষি, ফিসারিজ, ফরেস্ট্রি, লাইভস্টক, মেরিন ও শীপবিভিৎ), এইচএসসি (বিএম/ভোক:), ডিপ্লোমা ইন কমার্স	১১-০৬-২০২১ খ্রি. হইতে ২২-০৬-২০২১ খ্রি. পর্যন্ত	ডুপ্লিকেট ভর্তি বাতিল না হলে শিক্ষার্থী ফরম ফিলাপের যোগ্য বলে বিবেচিত হবেনা এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি(বিএম/ভোক:) ও সকল ডিপ্লোমা শিক্ষাক্রমে উত্তীর্ণ শিক্ষার্থীরা অন্য শিক্ষাক্রমে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের এসএসসি ও এইচএসসি/ডিপ্লোমা নম্বরপত্রের ফটোকপিসহ ডুপ্লিকেট ভর্তি জটিলতার নিরসনের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৪১২নং কক্ষে আবেদন জমা প্রদান করবে।


বিষয়টি অতিব জরুরীঃ

বরাবর

সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা ইনস্টিটিউট

ও

এইচএসসি (বিএম/ভোক:) প্রতিষ্ঠান।


(মোঃ জাহিরুল ইসলাম)

উপ-পরিচালক (এলএমডি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।